

ক্যাম্পেলটাউন বাংলা স্কুলের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত

গত ঢোকা নভেম্বর ২০১২ দি গ্রান্জ পাবলিক স্কুলের হল রংমে ক্যাম্পেলটাউন বাংলা স্কুলের সাধারণ সভা, নতুন কার্যকরি কমিটি নির্বাচন এবং সেই পূর্ণমিলনী অনুষ্ঠিত হয়। স্কুলের সভাপতি ড. খায়রুল হক চৌধুরী সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়। সাধারণ সম্পাদক মাসুদ চৌধুরী জে.পি বার্ষিক রিপোর্ট পেশ করেন। কোষাধাক্ষ্য মোসলেম উদ্দীন মিয়া স্কুলের বার্ষিক আর্থিক রিপোর্ট পেশ করেন। বার্ষিক সভায় স্কুলের ছাত্র-ছাত্রী এবং অভিভাবকসহ অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন। সভা শেষ প্রাণ্টে ড. খায়রুল হক চৌধুরী সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং সবাইকে নতুন বৎসরে স্কুলে আসার আমন্ত্রন জানান এবং কমিটি বিলুপ্তি ঘোষণা করেন। সভার দ্বিতীয় পর্বে ২০১২-২০১৩ সালের নতুন কমিটি নির্বাচন করার জন্য নির্বাচন কমিশনার হিসেবে দায়িত্ব প্রদান করেন ড. মনিরুল হাসান। ড. মনিরুল হাসান অত্যন্ত দায়িত্ব সহকারে নতুন বৎসরের বাংলা স্কুলের কার্যকরি কমিটির নির্বাচন পরিচালনা করেন। নতুন কার্যকরি কমিটির নিম্নরূপ: সভাপতি- ডাঃ বজলুল করিম, সহ সভাপতি: মাসুদ চৌধুরী জে.পি, সাধারণ সম্পাদক: শাহ আবদুল মতিন পপলু, সাংস্কৃতিক সম্পাদক: নাজমুল হাসান, কোষাধাক্ষ্য: মোসলেম উদ্দীন মিয়া, প্রচার ও প্রকাশনা সম্পাদক: ওমর ফারুক ফিরোজ, ক্রীড়া সম্পাদক: মোহাম্মদ ইফতেখার ফৌজ, সদস্য ও প্রধান শিক্ষিকা: রোকেয়া আহমেদ। অন্য সদস্যবৃন্দ: ড. খায়রুল হক চৌধুরী, শাহ আলম সৈয়দ, আবদুল জলিল, হাসান আহমেদ, মিজানুর রহমান তরুণ, শহিদুল ইসলাম, শফিকুর রহমান চৌধুরী। ক্যাম্পেলটাউন বাংলা স্কুল মিন্টুস্থ দি গ্রান্জ পাবলিক স্কুলে প্রতি রবিবার সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত অত্যন্ত সাফল্যজনকভাবে দীর্ঘদিন পরিচালিত হচ্ছে।

